গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৬-৩০৭৬

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ।
২৬ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ১৩-১৬তম গ্রেড (পূর্বের ৩য় শ্রেণি) ও ১৭-২০তম গ্রেড (পূর্বের ৪র্থ শ্রেণি)-এর ০৫ (পাঁচ)-টি ক্যাটাগরির পদের প্রাথমিক বাছাই পরীক্ষার তারিখ ও সময় নিম্নরূপ:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৬-২৪৫১, তারিখ: ০৮ অক্টোবর ২০২৬ খ্রি. মূলে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ১৩-১৬তম গ্রেড (পূর্বের ৩য় শ্রেণি) ও ১৭-২০তম গ্রেড (পূর্বের ৪র্থ শ্রেণি)-এ কর্মচারী নিয়োগের লক্ষ্যে অনলাইনে ১৬টি ক্যাটাগরির পদে দরখাস্ত আহ্বান করা হয়; তন্মধ্যে ০৫টি ক্যাটাগরি **(থানা/উপজেলা প্রশিক্ষক, উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা, অফিস সহকারী, ব্যান্ডস্ ম্যান ও অফিস সহায়ক)**-এর পদসমূহে আগামী **০৫/১২/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ শনিবার সকাল ১১:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত (১ ঘন্টা)** প্রাথমিক বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে। প্রাথমিক বাছাই পরীক্ষার স্থান ও রোল নম্বর প্রবেশপত্রে উল্লেখ করা আছে।

উল্লেখ, প্রবেশপত্র বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd) হতে ২৯/১১/২০২৬ খ্রিস্টাব্দ হতে ডাউনলোড করা যাবে।

অবশিষ্ট ১১টি ক্যাটাগরি **(সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, স্টাফ ফটোগ্রাফার, ড্রাফট্স ম্যান, গাড়িচালক (ভারী), প্রুফ রিডার, ইলেকট্রিশিয়ান, বুট মেকার, প্লাম্বার, মহিলা ব্যান্ড, মালী ও বাবুর্চি)**-এর পদে সরাসরি লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd)-এ জানানো হবে।

26/11/2026

মোহাম্মদ নূরুল আমিন
বিএভি-১২০০৯২
পরিচালক (রেকর্ড) ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/
সিলেকশন গ্রেড প্রদান কমিটি।
dir_rec@ansarvdp.gov.bd